



*Embassy of the People's Republic
of Bangladesh
Athens*



তারিখ: ১০/১২/২০২১ খ্রি:

আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১

আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১ উদযাপন উপলক্ষে বাংলাদেশ দূতাবাস, এথেন্স আগামী ১৮ই ডিসেম্বর ২০২১ খ্রি (শনিবার) তারিখ, বিকাল ০৮:০০ টা দূতাবাস প্রাঙ্গণ (১১৯ ম্যরাথনোড্রমন, পালেও সিহিকো ১৫৪৫২, এথেন্স) নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করেছে:

সময়	বিষয়
বিকাল ০৮:০০টা	পবিত্র ধর্ম গ্রন্থসমূহ থেকে পাঠ
	আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২১ উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী, মাননীয় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী, এবং সম্মানিত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত বাণী পাঠ
	শ্রম উইং এর কার্যক্রমের উপর প্রথম সচিব (শ্রম) এর বক্তব্য ও ধন্যবাদ জ্ঞাপন
	আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১ উপলক্ষে দিবসের প্রতিপাদ্য “শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা, অভিবাসনে আনন্দো মর্যাদা ও নৈতিকতা” এর উপর বিশেষ আলোচনা
	আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১ উপলক্ষে আয়োজিত চিত্রান্বয় ও রচনা লিখন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ
	আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১ উপলক্ষে প্রবাসী (নারী, পুরুষ, ও প্রতিষ্ঠান) এর মধ্যে আন্তর্জাতিক অভিবাসী দিবস পুরস্কার ২০২১ প্রদান
	চার্জ দ্য অ্যাফেয়ার্স কর্তৃক সমাপনী বক্তব্য প্রদান
	আপ্যায়ন

আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১ উদযাপন উপলক্ষে দূতাবাস কর্তৃক আয়োজিত উপরোক্ত কর্মসূচিতে গ্রীসে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশী নাগরিকগণকে অংশগ্রহনের জন্য আন্তরিকভাবে আমন্ত্রণ জানানো হলো।

বিশেষ দ্রষ্টব্য: গ্রীক সরকারের নির্দেশনা অনুযায়ী উপরোক্ত অনুষ্ঠানস্থলে প্রবেশের সময় কোডিড-১৯ ভ্যাকসিনেশন সার্টিফিকেট/রিকভারী সার্টিফিকেট অথবা কোডিড-১৯ র্যাপিড টেস্ট নেগেটিভ রিপোর্ট (সর্বোচ্চ ৪৮ ঘণ্টা পূর্বে সম্পন্ন) প্রদর্শন করতে হবে এবং সকল অংশগ্রহনকারীকে অবশ্যই মাঝ পরিধান করতে হবে।



S. K. Rana
কর্তৃপক্ষ



*Embassy of the People's Republic
of Bangladesh
Athens*

১৯.০১.৩০০১.৭০৬.২৩.০০৬.২১- ২১৬

০৮ ডিসেম্বর, ২০২১

আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১

“শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা”

গ্রীস, আলবেনিয়া ও মাল্টায় বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১ উদযাপন উপলক্ষে বাংলাদেশী শিশু-কিশোরদের অংশগ্রহণে বাংলাদেশ দৃতাবাস, এথেলে, গ্রীস চিত্রাঞ্জন ও রচনা লিখন প্রতিযোগিতার আয়োজন করেছে। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট তথ্য নিম্নে দেয়া হলো:-

প্রতিযোগিতার নাম	বয়স ও বিভাগ	প্রতিযোগিতার বিষয়	বিশেষ নির্দেশনা
চিত্রাঞ্জন প্রতিযোগিতা	“ক” বিভাগ অনধিক ১২ বছর	মনের তুলিতে “প্রবাসে বাংলাদেশীদের জীবন”	কাগজের সাইজ সর্বনিম্ন A4 (আর্ট পেপার)
	“খ” বিভাগ ১৩-১৮ বছর		কাগজের সাইজ সর্বনিম্ন A4 (আর্ট পেপার)
রচনা লিখন প্রতিযোগিতা	“ক” বিভাগ অনধিক ১২ বছর	“শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা”	অনধিক ২০০ শব্দ (স্বহস্তে লিখিত বাংলায়)
	“খ” বিভাগ ১৩-১৮ বছর		অনধিক ৫০০ শব্দ (স্বহস্তে লিখিত বাংলায়)

প্রতিযোগীতায় অংশগ্রহণের নিয়মাবলী:

- প্রতিযোগীর নাম, পিতা-মাতার নাম ও বয়সের প্রামানক হিসেবে পাসপোর্টের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- প্রতিযোগীতায় অংশগ্রহকারীদের স্বহস্তে লিখিত রচনার স্ক্যান কপি ও নিজ হাতে আঁকা চিত্রাঞ্জনের স্ক্যান কপি labourwinggreece@gmail.com ই-মেইলের মাধ্যমে অথবা হার্ড কপি সরাসরি আগামী ১৫ ডিসেম্বর, ২০২১ এর মধ্যে বাংলাদেশ দৃতাবাস, এথেল, গ্রীসে পাঠাতে হবে।
- প্রতিযোগিতায় অংশগ্রহকারীদের আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১ উদযাপন উপলক্ষে আগামী ১৮ ডিসেম্বর, ২০২১ তারিখে দৃতাবাসে আয়োজীত অনুষ্ঠানে অংশগ্রহণ করতে হবে।
- উক্ত অনুষ্ঠানে বিজয়ীদের মধ্যে পুরস্কার প্রদান করা হবে।
- রচনা প্রতিযোগিতায় অংশগ্রহকারীদের আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১ উদযাপন উপলক্ষে আগামী ১৮ ডিসেম্বর, ২০২১ তারিখে দৃতাবাসে আয়োজিত আলোচনা সভায় বক্তৃত্ব প্রদানে অংশগ্রহণ করতে হবে।

